

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৩৪

পর্ব - ৮ঃ বিবাহ (১ ১টা بانکار)

পরিচ্ছেদঃ ৩. মাহরানার বিবরণ - অল্প মোহরানা প্রসঙ্গ এবং তা নগদ টাকার পরিবর্তে অন্য কিছু দ্বারা দেয়ার বৈধতা

### আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ \_ رَضِيَ اللَّهُ عَنْهُمَا \_ قَالَ: زَوَّجَ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ رَجُلًا امْرَأَةً بِخَاتَمٍ مِنْ حَدِيدٍ. أَخْرَجَهُ الْحَاكِمُ وَهُوَ طَرَفٌ مِنَ الْحَدِيثِ الطَّوِيلِ الْمُتَقَدِّمِ فِي أُوَائِلِ النِّكَاحِ

وَعَنْ عَلَيِّ \_ رضي الله عنه \_ قَالَ: «لَا يَكُونُ الْمَهْرُ أَقَلَّ مِنْ عَشَرَةِ دَرَاهِمَ». أَخْرَجَهُ الدَّارَقُطْنِيُّ مَوْقُوفًا, وَفِي سَنَدِهِ مَقَالٌ

منكر. رواه الحاكم (278)، والطبراني في «الكبير» (656 – 757/ 5837) من طريق عبد الله بن مصعب الزبيري، عن أبي حازم، عن سهل، به. وزادا: «فصه من فضة». قلت: وآفته عبد الله الزبيري، فقد ضعّفه ابن معين، ثم هو خالف الثقات عن أبي حازم كما في الحديث السابق (979): وفيه قوله \_صلى الله عليه وسلم\_: «انظر ولو خاتما من حديد» وذهاب الرجل وعودته إلى النبي \_صلى الله عليه وسلم\_ وقوله له: لا، والله يا رسول الله. ما وجدت شيئا، ولا خاتما من حديد. «تنبيه»: قال الحافظ في «الفتح» (9/ 211): «وقع عند الحاكم والطبراني من طريق الثوري، عن أبي حازم، عن سهل بن سعد؛ أن النبي \_صلى الله عليه وسلم\_ زوج رجلًا بخاتم من حديد فصه من فضة. قلت: وهذا وَهُمٌ من الحافظ \_رحمه الله \_ إذ قد عرفت أنه من طريق الزبيرى لا من طريق الثوري



ضعيف. رواه الدارقطني في «السنن» (3/ 245 / رقم 13) من طريق داود الأودي، عن الشعبي قال: قال عليُّ: فذكره. قلت: داود: هو ابن يزيد وهو «ضعيف» كما في «التقريب»، والشعبي لم يسمع من عليِّ

#### বাংলা

১০৩৪। সাহল বিন সা'দ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি লোহার আংটির বিনিময়ে একজন লোকের সাথে এক মহিলার বিবাহ দিয়েছিলেন। —এটা একটি পূর্ববতী দীর্ঘ হাদীসের অংশবিশেষ যা বিবাহ অধ্যায়ের প্রথম দিকে উল্লেখ রয়েছে।[1]

'আলী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, মোহর (সাধারণত) দশ দিরহামের কমে হয় না।

—দারাকুৎনী, মওকুফ রূপে; এর সানাদে ত্রুটি রয়েছে।[2]

## ফুটনোট

- [1] ইবনু হাজার তার ইতহাফুল মাহরাহ ৬/১১ গ্রন্থে বলেনঃ এ বিষয়ে দীর্ঘ হাদীস বুখারী মুসলিমে বর্ণিত হলেও এ দু'টি শব্দের বৃদ্ধি গ্রন্থ দ্বয়ে নেই। ইমাম হাইসামী মাজমাউয যাওয়ায়িদ ৪/২৮৪ গ্রন্থে বলেন, এর সনদে আবদুল্লাহ বিন মাসআব আয যুহাইরী নামক দুর্বল রাবী রয়েছে।
- [2] দারাকুতনী ৩য় খণ্ড ২০০ পৃষ্ঠা, হাদীস নং ৩৪৯ ও ৩য় খণ্ড ২৪৫ পৃষ্ঠা হাদীস নং ১৩। ইবনু হয়ম তাঁর আল মুহাল্লা ৯/৪৯৪ গ্রন্থে হাদীসটি বাতিল বলেছেন। ইমাম সনআনী সুবুলুস সালাম ৩/২৩৯ গ্রন্থে বলেন, এর সানাদে মুবাশশির বিন উবাইদ নামক বর্ণনাকারী রয়েছেন তার সম্পর্কে ইমাম আহমাদ বলেন, এর সনদে মুবাশশির বিন উবাইদ রয়েছে। ইমাম আহমাদ বলেন, সে হাদীস তৈরী করত। হাদীসটি মারফু সূত্রে জাবির থেকে বর্ণিত হলেও সহীহ নয়। ইবনু উসাইমীন বুলুগুল মারামের শরাহ ৪/৫৯৭ গ্রন্থে বলেন, হাদীসটি বিশুদ্ধ নয়। আবদুর রহমান মুবারকপুরী বলেন, তুহফাতুল আহওয়াযীতে ৩/৫৭৭, এর সানাদে দাউদ আল উয়াদী নামক দুর্বল বর্ণনাকারী রয়েছে। ইমাম বাইহাকী তাঁর সুনান আল কুবর ৮/২৬১ গ্রন্থে বলেন, এর সানাদে অপরিচিত ও দুর্বল বর্ণনাকারীদের অনুপ্রবেশ ঘটেছে।

#### হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন